গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০৬.০০৯.২২-৬৬০

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২২ খ্রি:

**বিষয়: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ১ম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে গত ২৬.১০.২০২২ খ্রি. তারিখ দুপুর ০১.০০ ঘটিকায় মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০২২-২০২৩ অর্থ-বছরের দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ১টি সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

০২/১১/2022

(ফারুক আহাম্মদ খান)
সহকারি সচিব
ফোন-৫৫১০০৭৯২
admin3@mefwd.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৩. মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা;
০৪. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা;
০৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
০৬. যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পার্সন, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৭. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা (জরুরী ভিত্তিত্বে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য :
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা;
০২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## শুদ্ধাচার পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : মো: শাহ্ আলম
অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
তারিখ : ২৬-১০-২০২২ খ্রি:
সময় : দুপুর ০১.০০ ঘটিকা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং যুগ্মসচিব (প্রশাসন) ও ফোকাল পার্সন সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি জানান, জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০২১-২২ এর নির্ধারিত সকল কর্মসূচীগুলো বাস্তবায়ন ১০০% সম্ভব হয়নি। কিছু কিছু ক্ষেত্রে লক্ষ্য মাত্রার চেয়ে অর্জন কম হয়েছে। ফলে বর্তমান অর্থবছরে লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের জন্য সচেষ্ট থাকতে হবে। সকল দপ্তর/সংস্থাকে নিজেদের গৃহীত দুর্নীতি প্রতিরোধ সহায়ক কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। এরপর সভায় অংশগ্রহণকারী সদস্যগণ নিম্ন বর্ণিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন:

| সূচকসমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | প্রতিটি কোয়ার্টারে নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভার আয়োজন করতে হবে। সভায় ইতিবাচক, সৃজনশীল এবং উদ্ভাবন মূলক কর্মসিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতিটি কোয়ার্টারের গৃহীত সিদ্ধান্ত নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ছক মোতাবেক সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ঢাকার বাইরে সুধীজন, সুশীল সমাজ, রাজনীতিবিদ, সেবাদাতা এবং সেবাগ্রহীতাদের কে নিয়ে অংশীজনের সভার আয়োজন করতে হবে। সভায় আগত পরামর্শ, সুনিশ্চিত মতামতের আলোকে কার্যক্রম কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রশিক্ষণের বিষয় নির্ধারণে সৃজনশীল হতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি)। | নিয়মিত স্বাস্থ্যবিধি অনুসরণ, অকেজো মালামাল বিনষ্টকরণ, পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিতে সকল কর্মকর্তা-কর্মচারীকে সম্পৃক্ত করতে হবে। উন্নত কর্মপরিবেশ নিশ্চিত করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | সকলের আওতাধীন মাঠ পর্যায়ের অফিস/ দপ্তর সমূহের অংশগ্রহণে সুচিন্তিত মতামত সহ ফিডব্যাক এবং সভা আয়োজন পরামর্শ প্রদান করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ২.১ ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | কর্মকর্তার স্বাক্ষর এবং তারিখ সংবলিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |

| সূচকসমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|
| ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) | দপ্তর/সংস্থার সকল ক্রয়, ক্রয় পরিকল্পনা অনুযায়ী করার নির্দেশনা দেয় হয় এবং বছর শেষে তা মূল্যায়ণ করা হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচির নূন্যতম ৮০ ভাগ বাস্তবায়ন না করলে কোন নম্বর পাওয়া যাবেনা। তাই সেদিকে সতর্ক থাকতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | নিয়মিত PIC সভা করে নোটিশ এবং রেজুলেশন (হাজিরা সিট সহ) সংরক্ষণ করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |
| ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | বিধি মেতাবেক হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | প: প: অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ নার্সিং/ নিপোর্ট |

## পরিবার পরিকল্পনা অধিদপ্তর

| সূচকসমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | অর্থবছর শেষে কেবিনেটের নির্দেশনা অনুযায়ী মূল্যায়ন করা হবে। | |
| ৩.২ পেনশন নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ | কমিটি গঠন এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | |
| ৩.৩ জেলা ও উপজেলা পর্যায়ে বরাদ্দ ও ব্যয় সরেজমিনে যাচাই এবং অডিট আপত্তি নিষ্পত্তিকরণে সহযোগীতা প্রদান | কমিটি গঠন করে প্রতিবেদন সংগ্রহ করতে হবে। | |
| ৩.৪ ডিজিটাল মনিটরিং সফটওয়্যারের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি যাচাই | প্রাপ্ত উপস্থিতির যাচাই সীট অনুযায়ী অনুপস্থিতদের নিকট ব্যাখ্যা তলব করতে হবে। অত্র বিভাগ হতেও মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়। | |

## নিপোর্ট

| সূচকসমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | - | |
| ৩.২ স্ব-স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবা বক্স হালনাগাদ | যেহেতু অভিযোগ প্রতিকার ব্যবস্থার সাথে সম্পর্কিত, তাই পরিবর্তন করে অন্য কর্মসূচি গ্রহণ করতে হবে। | |
| ৩.৩ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের পরিদর্শন/আকস্মিক পরিদর্শন | কমিটি গঠন করতে হবে। প্রতিবেদন দাখিল করতে হবে। | |
| ৩.৪ দুর্নীতি ও সুশাসন বিষয়ে প্রশিক্ষণ | ওভারলোপিং কার্যক্রম, তাই এই কার্যক্রম পরিবর্তন করে নতুন কর্মসূচী গ্রহণ করতে হবে। | |

## নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

| সূচকসমূহ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী পদ/শাখা/দপ্তর |
|---|---|---|
| ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | - | |
| ৩.২ নার্সিং সেবার মান উন্নয়নে সোহরাওয়ার্দী হাসপাতাল, ঢাকা ও বক্ষব্যাধি হাসপাতাল, চট্টগ্রামে পরিদর্শন করা হয়েছে। | পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ৩.৩ বিভাগ পর্যায়ে প্রশিক্ষণ | পরিবর্তন করে নতুন কর্মসূচি গ্রহণ করতে হবে। | |
| ৩.৪ বেস্ট প্র্যাকটিস গাইডলাইন ফর সিনিয়র স্টাফ নার্সেল এ্যাট উপজেলা হেল্থ কমপ্লেক্ষ গাইডলাইন প্রস্তুতকরণ | কমিটি গঠন করে কার্যক্রমের রুপরেখা গঠন করতে হবে। | |

০২। অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শাহ্ আলম)
অতিরিক্ত সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ